

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd



নম্বর-০৫.০০.০০০০.২০০.১২.০২৩.১৮- ৭০

তারিখ: ০৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে চলমান সকল প্রশিক্ষণ কোর্স অদ্য ২২/০৩/২০২০ তারিখ হতে অনিবার্য কারণবশত: নির্দেশক্রমে স্থগিত করা হলো। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ আগামী ২৩/০৩/২০২০ তারিখ বিকাল ৫ টার মধ্যে স্ব স্ব কর্মস্থলে আবশ্যিকভাবে যোগদানের উদ্দেশ্যে প্রশিক্ষণ কেন্দ্র ত্যাগ করবেন। এক্ষেত্রে তাঁরা যোগদানকালীন ছুটি ভোগ করতে পারবেন না।

২। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের কর্মস্থলে প্রত্যাবর্তনের ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠান সহযোগিতা করবে। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের স্ব স্ব কর্মস্থলে যোগদানের বিষয়টি তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ আগামী ২৪/০৩/২০২০ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় ই-মেইলের মাধ্যমে অবহিত করবেন।

৩। অধিকন্তু অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিয়োক্ত কর্মকর্তাগণের সঙ্গে ই-মেইলের মাধ্যমে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক	নাম ও পদবি	ইমেইল ও মোবাইল নম্বর
১।	মো: আবদুর রউফ মিয়া উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১	it1@mopa.gov.bd ০১৭১১৮৮৮১৯১
২।	মো: আনোয়ারুল ইসলাম সরকার উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩	it3@mopa.gov.bd ০১৭১৬১১৯০১২
৩।	শ্বেতা বিলকিস জাহান উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২	it2@mopa.gov.bd ০১৭১২৫৫৮৫৫৯


  
২২/০৩/২০২০  
মো: আবদুর রউফ মিয়া  
উপসচিব

নম্বর-০৫.০০.০০০০.২০০.১২.০২৩.১৮- ৭০

তারিখ: ০৮ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, .....
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিষ্টার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৫. রেজিষ্টার, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/শৃঙ্খলা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর /মহাপরিচালক/অধ্যক্ষ- বিয়াম ফাউন্ডেশন, ঢাকা ও বগুড়া/ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা/টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর/ পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া/ পোষ্টাল একাডেমী, রাজশাহী।
৯. মুখ্যসচিব (অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস।
১১. জেলা প্রশাসক (সকল)।
১২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১৫. অফিস কপি।

  
২২/০৩/২০২০  
মো: আবদুর রউফ মিয়া  
উপসচিব